

শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
উপপরিচালক (ভিডলিউবি)
<http://www.dwa.gov.bd>

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০০৮.১৮.০১২.১৯.১৩

তারিখ: ১৯ মাঘ ১৪২৯

০২ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: ভিডলিউবি কার্যক্রমের আওতায় ২০২৩-২০২৪ চক্রে সঞ্চয় হিসাব খোলা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির মধ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ীয় মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ভিডলিউবি কার্যক্রম একটি বৃহৎ সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রম। এই কার্যক্রমের আওতায় উপকারভোগী মহিলাদেরকে ২ (দুই) বছর মেয়াদে খাদ্য সহায়তা প্রদান করা হয়। আত্মনির্ভরশীল হিসেবে গড়ে তোলার লক্ষ্যে উপকারভোগীদেরকে উন্নয়ন প্যাকেজ সেবা (প্রশিক্ষণ) প্রদানসহ ২২০/- (দুইশত বিশ) টাকা হারে মাসিক সঞ্চয়ের অর্থ ব্যাংক হিসাবে জমা রাখার নির্দেশনা রয়েছে। যেহেতু ২০২৩-২০২৪ চক্র ১ জানুয়ারী ২০২৩খ্রি: হতে শুরু হয়েছে সেহেতু এই চক্রের উপকারভোগীদের নিজ নিজ নামে নিকটস্থ ব্যাংক/এজেন্ট ব্যাংকে ১০/- (দশ) টাকার সঞ্চয়ী হিসাব খোলার বিষয়ে নিম্নের নির্দেশাবলী অনুযায়ী সার্বিকভাবে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

নির্দেশাবলী:

- প্রত্যেক উপকারভোগীর নিজ নামে নিকটস্থ যে কোন ব্যাংকে (সরকারী/বেসরকারী/ এজেন্ট ব্যাংক) ১০/- (দশ) টাকার সঞ্চয়ী হিসাব খুলতে হবে।
- প্রত্যেক উপকারভোগীকে নিজে সঞ্চয়ের অর্থ ব্যাংক হিসাবে জমাপূর্বক জমার রশিদ সংগ্রহ করতে হবে এবং মাসিক খাদ্য (চাল) উত্তোলনের সময় সঞ্চয় জমার রশিদ প্রদর্শন করতে হবে।
- উপকারভোগীর সঞ্চয়ের অর্থ জমার সঠিক হিসাবের জন্য এনজিও কর্মী, ইউনিয়ন পরিষদ সচিব ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অভিন্ন রেজিস্টার সংরক্ষণ করতে হবে।
- সঞ্চয় জমা প্রদানে উদ্বুদ্ধকরণসহ ব্যাংক লেনদেনের নিরাপত্তার বিষয়টি প্রশিক্ষণে অন্তর্ভুক্ত করতে হবে।
- প্রতিমাসের সঞ্চয় ভিজিডি কার্ডে উল্লেখের বিষয়টি ইউনিয়ন পরিষদ সচিব, এনজিও কর্মী ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে নিশ্চিত করতে হবে।
- ৩১ ডিসেম্বর ২০২৪খ্রি: এর পর সঞ্চয়ের অর্থ ব্যাংকে রাখা অথবা উত্তোলন সম্পূর্ণ উপকারভোগীর সিদ্ধান্ত বিষয়টি উপকারভোগীদের অবহিত করতে হবে।



১৩-২-২০২৩

মনোয়ারা ইশরাত
পরিচালক

ফোন: ০২-৫৮৩১০৬২৯

ইমেইল:

dwadhaka.director@gmail.com

বিতরণ :

১) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

২) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০০৮.১৮.০১২.১৯.১৩/১

তারিখ: ১৯ মাঘ ১৪২৯
০২ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক সকল
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৩) উপপরিচালক (সকল) জেলা পর্যায়
- ৪) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর
- ৫) সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি, (সকল উপজেলা)



১৩-২-২০২৩

মনোয়ারা ইশরাত
পরিচালক